ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



◀◀ জেন-জি'দের স্মার্টনেস মুগ্ধ করে মাধুরীকে

পৃঃ 7

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

আল নাসরের সঙ্গে চুক্তির মেয়াদ শেষ, নতুন কোন গন্তব্যে রোনালদো? ▶▶

পৃঃ 8



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০১৩ ● কলকাতা ● ২৮ পৌষ, ১৪৩১ ● সোমবার ● ১৩ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## দা, লাঠি নিয়ে ঝাঁপিয়ে পড়ল বাংলাদেশি দুষ্কৃতীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গত কয়েকদিন ধরেই কাঁটাতারের বেড়া দেওয়া নিয়ে উত্তপ্ত হয়েছিল মালদহের বৈষ্ণবনগরের সুখদেবপুর সীমান্ত। এরই মধ্যে মালদহের নওদায় ভারত বাংলাদেশ সীমান্তে চোরাচালানকারীদের আটকাতে গুলি চালালো বিএসএফ। অভিযোগ, প্রথমে বিএসএফ জওয়ানরা বাধা দেওয়ায় তাঁদের উপরে প্রাণঘাতী হামলা চালায় চোরাচালানকারীরা।এর পাশাপাশি মুর্শিদাবাদের নন্দনপুর, ফর্জিপাড়া এবং

এরপর ৩ পৃষ্ঠায়

# বিএসএফকে বেড়া নির্মাণ করতে দেওয়া হবে না', দিল্লিকে খুল্লামখুল্লা চ্যালেঞ্জ ইউনূসের স্বরাষ্ট্র উপদেষ্টার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের সঙ্গে শত্রুতার জের! সীমান্তে বিএসএফকে আর বেড়া নির্মাণ করতে দেওয়া হবে না, দিল্লিকে খুল্লামখুল্লা চ্যালেঞ্জ দিলেন মোল্লা ইউনূস সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী। তবে তিনি স্পষ্ট করে জানিয়েছেন, ১৫০ গজের মধ্যে কাঁটাতারের বেড়া নির্মাণ করতে পারবে না ভারত, কিন্তু ১৫০ গজের বাইরে বেড়া নির্মাণ করলে কোনও আপত্তি নেই বাংলাদেশ সরকারের।

ইতিমধ্যেই লালমনিরহাটের তিন বিঘা করিডোর এবং নওগাঁর পত্নীতলায় কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ বন্ধ করেছে বিজিবি। তাই এদিন সরাসরি দিল্লিকে চ্যালেঞ্জ জানিয়ে ইউনূস সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা জানিয়েছেন, এবার থেকে বাংলাদেশ সীমান্তে যেকোনও উন্নয়নমূলক কাজের জন্য ভারতকে আগে বাংলাদেশের সঙ্গে আলোচনা করতে হবে। এরপর সিদ্ধান্ত নেওয়া হবে। আর ভারতের এক তরফা পদক্ষেপ গ্রহণ করা হবে না।রবিবার (১২

এরপর ৩ পাতায়






# স্বামী বিবেকানন্দের জন্ম দিন পালন ও সংবর্ধনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আজ সারা দিন ধরে ফলতা শ্রীরামকৃষ্ণ শ্রী মন্দিরে নানা অনুষ্ঠানের মাধ্যমে স্বামী বিবেকানন্দের জন্ম দিবস পালন করা হয়। সকাল থেকে পূজা পাঠ ও আলোচনা সভায় বহু মানুষের সমাগম ঘটে। পুণ্যা বিবেকানন্দ সেবা সঙ্ঘ আয়োজিত বিবেকানন্দ জন্ম দিবসে সভাপতিত্ব করেন সরিষা রামকৃষ্ণ মিশনের স্বামী দীপ্তেশানন্দ মহারাজ। শিবানীপুর স্বামী বিবেকানন্দ উদ্যানে মুক্তকণ্ঠ-র উদ্যোগে জাতীয় যুব দিবস পালন করা হয়। স্নেহা পালুই, শিশির পাইক প্রমুখ সদস্য সদর্থক ভূমিকা পালন করেন।

স্বামী বিবেকানন্দ মেমোরিয়াল ট্রাস্ট- এর উদ্যোগে বৈঁচবেড়িয়া গ্রামে প্রভাতফেরি, অঙ্কন ও সঙ্গীত প্রতিযোগিতা ও বিকালে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। স্বাগত ভাষণ দেন ট্রাস্টের সভাপতি অধ্যাপক ডঃ গোপাল চন্দ্র মণ্ডল। প্রধান অতিথি বিশিষ্ট আইনজীবী ও সাংবাদিক তপনকান্তি মণ্ডল এদিন ট্রাস্টের পক্ষে "বিবেক মন্ত্র" নামে একটি দেওয়াল পত্রিকার আনুষ্ঠানিক উদ্বোধন করেন ও প্রাসঙ্গিক বক্তব্য পেশ করেন। বর্ষীয়াণ লেখক ও শিল্পী অমরেশ মুখোপাধ্যায়কে এই সভায় সংবর্ধনা জানানো হয়। সুজিত বরণ বেরা, প্রবীর চাণক, দীপায়ন মণ্ডল, রূপক গায়েন প্রমুখ বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থেকে আলোচনায় অংশ গ্রহণ করেন। ভক্তি গীতি পরিবেশন করেন রঞ্জন কুমার মন্ডল। অনুষ্ঠান সঞ্চালনা করেন ডাঃ গোবিন্দ মণ্ডল।

# বারুইপাড়া রেলগেটে ফাইওভার নির্মাণের দাবিতে মহা মিছিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সিঙ্গুর বিধানসভার অন্তর্গত হাওড়া বর্ধমান কর্ড লাইনের বারুইপাড়া ও শ্যামপুর রেলগেটে উড়াল পুল তথা সাবওয়ে নির্মাণের দাবিতে সিঙ্গুর ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে বোরাই সিংবাড়ি থেকে এক বিশাল মহা মিছিল বিভিন্ন পদ পরিক্রমা করে। এই মিছিলে নেতৃত্ব দেন সিঙ্গুরের বিধায়ক তথা রাজ্যের কৃষি বিপণ ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না, অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না সিঙ্গুর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি আনন্দমোহন ঘোষ জেলা

এরপর ৩ পাতায়

# ভারত ও নেপালের সম্পর্ক প্রাচীন : কর্ণ প্রসাদ তিমিলসিনা

**জয়দীপ যাদব, কলকাতা**



শিক্ষা যেমন বাধ্যতামূলক, তেমনি খেলাধুলাও জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ। কারণ শিক্ষার পাশাপাশি খেলাধুলাও গুরুত্বপূর্ণ। আজ মোল্লার গেট সন্তোষপুর সরকারি আবাসন কলোনিতে সারদা ইনস্টিটিউশনের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপরোক্ত বক্তব্য রাখেন কলকাতায় নিযুক্ত নেপালের ডেপুটি কনসাল জেনারেল কর্ণ প্রসাদ তিমিলসিনা। তিনি বলেন, ভারত ও নেপালের মধ্যে শতাব্দীর পর শতাব্দী ধরে সম্পর্ক রয়েছে। দুই দেশের মধ্যে কন্যা এবং রুটির সম্পর্ক রয়েছে। এদিকে, সারদা ইনস্টিটিউশনের অধ্যক্ষ বিপিনেশ কুমার পান্ডে বলেন, সার্বজনীন শিক্ষা যেকোনো দেশের উন্নয়নের গতি নির্ধারণ করে। শিক্ষা হলো সামগ্রিক উন্নয়নের চাবিকাঠি। উক্ত অনুষ্ঠানে অতিথি ও ফিউচারজেনস একাডেমির প্রাক্তন অধ্যক্ষ লালজি পাঠক, ইনস্টিটিউট সচিব সরোজ পান্ডে, বিবি সিং প্রমুখ শিক্ষা ও খেলাধুলার গুরুত্ব তুলে ধরেন এবং উক্ত স্কুলের কাজকর্ম তুলে ধরেন। প্রতিষ্ঠানটি খেলাধুলায় ভালো ফলাফল করা শিশুদের পুরস্কার প্রদান করে সম্মানিত করে। এ সময় শিশুরা বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে উপস্থিত সকলকে মুগ্ধ করে।







(১ম পাতার পর)

# দা, লাঠি নিয়ে ঝাঁপিয়ে পড়ল বাংলাদেশি দুষ্কৃতীরা

মালদহ জেলার হরিনাথপুর ও চুরিয়ন্তপুর সীমান্ত দিয়েও বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ভারতে ঢোকার চেষ্টা ব্যর্থ করেছে বিএসএফ। উদ্ধার করা হয় অবৈধ মাদক, ৫টি গরু এবং অন্যান্য বেআইনি সামগ্রী। তখন আত্মরক্ষায় পাল্টা গুলি চালান বিএসএফ জওয়ানরাও। এর পরই বাংলাদেশের দিকে পালিয়ে যায় অভিযুক্তরা।

বিএসএফ সূত্রে খবর, শুক্রবার রাতে মালদহের নওদার সীমান্ত দিয়ে ভারতে প্রবেশের চেষ্টা করে বাংলাদেশী চোরাচালানকারীরা। সেই সময় ওই সীমান্তে নজরদারির দায়িত্বে ছিলেন বিএসএফ-এর ১১৯ নম্বর ব্যাটেলিয়নের কয়েকজন জওয়ান। তাঁরা দেখেন, প্রায় ১৫ থেকে ২০ জন সশস্ত্র বাংলাদেশি চোরাচালানকারী দ্রুত সীমান্তের বেড়ার দিকে এগিয়ে আসছে। সঙ্গে সঙ্গে ওই সতীর্থ জওয়ানদের সতর্ক করে দুষ্কৃতীদের দিকে সতর্ক করে এগিয়ে যান ওই বিএসএফ জওয়ানরা।যদিও বিএসএফ জওয়ানদের সাবধান বার্তাকে উপেক্ষা করেই এগোতে থাকে দুষ্কৃতীর দল। জওয়ানদের বিভ্রান্ত করতে তাঁদের চোখে হাই বিম টর্চের আলো মারতে থাকে বাংলাদেশি চোরাচালানকারীরা। দুষ্কৃতীদের ছত্রভঙ্গ করতে প্রথমে শূন্যে গুলি চালান বিএসএফ জওয়ানরা। এরই মধ্যে জওয়ানদের উপরে ধারালো অস্ত্র এবং লাঠি নিয়ে ঝাঁপিয়ে পড়ে দুষ্কৃতীদের দল। শেষ পর্যন্ত আত্মরক্ষার জন্য পাচারকারীদের দিকে পর পর দু রাউন্ড গুলি চালান বিএসএফ জওয়ানরা।ততক্ষণে আশপাশের এলাকা থেকে আরও বিএসএফ জওয়ান ঘটনাস্থলে চলে আসেন। এর পরই ভয় পেয়ে আম বাগানের ভিতর দিয়ে ভারত এবং বাংলাদেশের দিকে পালিয়ে যায় দুষ্কৃতীদের দল। ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয় ৫৭২ বোতল ফেনসিডিল সিরাপ, একটি দা এবং একটি টর্চ উদ্ধার করা হয়। বাংলাদেশি সংবাদমাধ্যম প্রথম আলোয় প্রকাশিত খবর অনুযায়ী, শুক্রবার রাতেই চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে ভারত থেকে চোরাপথে ফেনসিডিল নিয়ে ফেরার সময় বিএসএফ-এর গুলিতে গুরুতর আহত হয়েছেন বাংলাদেশি এক যুবক। তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

(১ম পাতার পর)

# বিএসএফকে বেড়া নির্মাণ করতে দেওয়া হবে না', দিল্লিকে খুল্লামখুল্লা চ্যালেঞ্জ ইউনূসের স্বরাষ্ট্র উপদেষ্টার

জানুয়ারী) বাংলাদেশ-ভারত সীমান্ত পরিস্থিতি নিয়ে সচিবালয়ে সাংবাদিক বৈঠকে এ কথা জানিয়েছেন মোল্লা ইউনূসের স্বরাষ্ট্র উপদেষ্টা। রীতিমতো দিল্লিকে চ্যালেঞ্জ ঠুকল ইউনূস সরকার।এদিন বাংলাদেশ স্বরাষ্ট্র উপদেষ্টা জানিয়েছেন, 'ভারতকে আর কাঁটাতারের বেড়া নির্মাণ কাজ করতে দেওয়া হবেনা। বিষয়টি ইতিমধ্যেই পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানানো হয়েছে। শীঘ্রই ভারতীয় হাই কমিশনারকে ডেকে বিস্তারিত জানানো হবে। হাসিনা সরকারের সময়ে ভারত কিছু এলাকায় কাঁটাতারের বেড়া নির্মাণ করেছিল। তাঁদের সুযোগ দেওয়া হয়েছিল। বর্তমানে ভারত ললিমনিরহাটের তিন বিঘা করিডোর, ফেনী, কুমিল্লা, কুষ্টিয়া এবং নওগাঁয়ের মতো একাধিকবার জায়গায় ভারত কাঁটাতার নির্মাণের চেষ্টা করছে। যদিও বাংলাদেশ-ভারত সীমান্তের ৪,১৫৬ কিলোমিটার অংশের মধ্যে প্রায় ৩,২৭১ কিলোমিটার অংশ কাঁটাতারের বেড়া নির্মাণ করে ফেলেছে ভারত। কিন্তু এখনও ৮৮৫ কিলোমিটারের কাজ বাকি রয়েছে। তাই ভারত-বাংলাদেশের চুক্তি অনুসারে, এ ধরনের বেড়া নির্মাণের মতো উন্নয়ন কার্যক্রম আর পারস্পরিক আলোচনা ছাড়া করা যাবে না। ভারতের এক তরফা সিদ্ধান্ত আর মেনে নেবে না বাংলাদেশ।"

(২ পাতার পর)

# বারুইপাড়া রেলগেটে ফাইওভার নির্মাণের দাবিতে মহা মিছিল

সংখ্যালঘু সেলের চেয়ারম্যান আব্দুল জব্বার সহ সর্বস্তরের নেতৃত্ব ও জনপ্রতিনিধিরা। মিছিল শেষে মন্ত্রী বেচারাম মান্না বলেন আমরা দীর্ঘদিন ধরে চন্ডীতলা ২ নম্বর ব্লক সিঙ্গুর ও হরিপাল ব্লকের তারকেশ্বর লাইনে গুরুত্বপূর্ণ ১৬ টি জায়গায় ওভারব্রিজ বা সাবওয়ে নির্মাণের দাবি জানিয়ে আসছি কিন্তু এখনো পর্যন্ত রেল সে দাবি নিয়ে সমস্যা সমাধানের পথে এগোচ্ছে না তাই লাগাতর আন্দোলনের পথে আমরা এগোচ্ছি। তিনি বলেন রেল কর্তৃপক্ষ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের কাজ করলেও যে গ্রামে বা ব্লকের উপর দিয়ে রেল লাইন গেছে সেখানকার মানুষের দুর্ভোগের কথা কর্মপাত করছে না তাই আমরা যতদিন না পর্যন্ত রেল কর্তৃপক্ষ মানুষের এই দাবি মানবেন না ততদিন আন্দোলন চালিয়ে যাব আমরা সিদ্ধান্ত নিয়েছি আগামী একুশে জানুয়ারি এই সমস্ত দাবি নিয়ে হাওড়ার ডিআরএম এর কাছে ডেপুটেশন দেবো। আজকের এই মিছিলে স্বতঃস্ফূর্তভাবে শত শত মানুষ অংশগ্রহণ করেন।

# পুরভোটে একাই লড়বেন উদ্ধব ঠাকরে



বেবি চক্রবর্তী : দিল্লী

ইন্ডিয়া মঞ্চ নিয়ে তৈরি হওয়া ধন্দের মধ্যেই এ বার মহারাষ্ট্রের পুরভোটে একলা চলার কথা বলে মহা বিকাশ আঘাড়ী (এমভিএ) জোটেও ধোঁয়াশা তৈরি করে দিল ইন্ডিয়া-র অন্যতম শরিক উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন শিবসেনা। যদিও পুর এবং স্থানীয় স্তরের ভোটগুলিতে বহু বছর ধরেই একক ভাবে লড়ে শিবসেনা এবং জোটে থাকা সত্ত্বেও তারা যে মুম্বই এবং পুণের পুরভোটে একাই লড়বে, তা আগেই ঘোষণা করেছিল উদ্ধবের দল।কিন্তু এ দিন উদ্ধবের দলের তরফে সঞ্জয় রাউত বিষয়টি ফের ঘোষণা করার পরে নানা মহলে জল্পনা তৈরি হয়েছে কংগ্রেসকে নিয়ে। এমনিতেই এমভিএ জোটের আর এক শরিক শরদ পওয়ারের এনসিপি গত কয়েক দিন ধরেই বিজেপি-সঙ্ঘ পরিবার এবং মহারাষ্ট্রের নতুন বিজেপি সরকার সম্পর্কে একের পর এক প্রশংসাসূচক মন্তব্য করে জোট ছাড়ার ইঙ্গিত দিতে শুরু করেছে। এ বার উদ্ধবের শিবসেনা দুই গুরুত্বপূর্ণ পুরসভার ভোটে একা লড়ার কথা ফের বলায় জাতীয় রাজনীতির পাশাপাশি মহারাষ্ট্রেও কংগ্রেস কার্যত সঙ্গীহীন হয়ে পড়ছে বলেই মনে করছেন অনেকে।এ দিন উদ্ধবের দলের তরফে সঞ্জয় রাউত পুণে এবং মুম্বইয়ের পুরভোটে একলা লড়ার কথা ঘোষণা করে বলেন, ''আমরা একাই লড়ব, তাতে যা হওয়ার হবে। আমাদের নিজেদের শক্তিটাও দেখে নেওয়া দরকার। উদ্ধব ঠাকরে এ ব্যাপারে আমাদের সম্মতি দিয়েছেন।'' একলা লড়ার বিষয়টি নিয়ে তিনি দলের নাগপুর শাখার প্রধান প্রমোদ মানমোড়ে-র সঙ্গে কথা বলেছেন বলেও জানান রাউত।তাৎপর্যপূর্ণ ভাবে এ দিন ইন্ডিয়া মঞ্চ নিয়ে সঞ্জয়ের রাউতের গলায় ছিল আরজেডি প্রধান তেজস্বী যাদবের সুর।

## সম্পাদকীয়

# সীমান্তে কাঁটাতার বিতর্ক, ভারতীয় হাই কমিশনারকে তলব ইউনূস প্রশাসনের

সীমান্তে কাঁটাতার ঘিরে বিতর্কের মাঝেই রবিবার ভারতীয় হাই কমিশনার প্রণয় বর্মাকে তলব করল বাংলাদেশের অন্তর্বর্তী সরকার। সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, এ দিন দুপুর তিনটে নাগাদ বাংলাদেশে পররাষ্ট্র মন্ত্রকে প্রবেশ করতে দেখা যায় হাই কমিশনারকে। প্রায় পৌনে এক ঘণ্টা ধরে সে দেশের পররাষ্ট্রসচিব মুহাম্মদ জসীমউদ্দিনের সঙ্গে বৈঠক হয় তাঁর।সম্প্রতি ভারত এবং বাংলাদেশের সীমান্তবর্তী কিছু অঞ্চলে বিএসএফ কাঁটাতার বসানোর কাজ শুরু করে। তাতে বিজিবির তরফে আপত্তি জানানো হয়। মালদহের কালিয়াচকে এবং তার পরে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে কাঁটাতার বসানোর সময় বিজিবির বাধা দেওয়ার অভিযোগ ওঠে। এই আবহে রবিবার বাংলাদেশের পররাষ্ট্রসচিবের সঙ্গে আলোচনা সারলেন ভারতীয় হাই কমিশনার। 'প্রথম আলো' অনুসারে জসীমউদ্দিনের সঙ্গে আলোচনার পর প্রণয় জানান, অপরাধমুক্ত সীমান্ত নিশ্চিত করার বিষয়ে ভারতের লক্ষ্যের বিষয়ে আলোচনা হয়েছে বাংলাদেশের পররাষ্ট্রসচিবের সঙ্গে। পাশাপাশি, চোরাচালান, অপরাধীদের আসা-যাওয়া এবং পাচারের চেষ্টা রোখার বিষয়েও আলোচনা হয়েছে তাঁদের। বাংলাদেশের সংবাদমাধ্যম 'প্রথম আলো' অনুসারে, জসীমউদ্দিনের সঙ্গে কথা বলার পর প্রণয় জানান, কাঁটাতারের বিষয়ে দু'দেশের মধ্যে সমন্বয় রয়েছে। সীমান্তে অপরাধদমনের ক্ষেত্রেও সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) এবং বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ করবে বলেও জানান তিনি। প্রণয় বলেন, 'নিরাপত্তার জন্য সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার ব্যাপারে আমাদের মধ্যে বোঝাপড়া রয়েছে। এ ব্যাপারে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ ও বিজিবির মধ্যে যোগাযোগ রয়েছে। আমরা আশা করি, সীমান্তে অপরাধ দমনের বিষয়ে সহযোগিতার মাধ্যমে সেই বোঝাপড়ার বাস্তবায়ন হবে।'ভারত এবং বাংলাদেশের সীমান্তে একটি বিস্তীর্ণ অঞ্চল কাঁটাতার বিহীন রয়ে গিয়েছে এখনও। সীমান্তরক্ষী বাহিনী উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের অধীনে বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা ২ হাজার ২১৭ কিলোমিটার দীর্ঘ। এর মধ্যে দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের অধীনে স্থল সীমান্ত রয়েছে ৯১৩.৩২৪ কিলোমিটার এবং জলসীমান্ত আছে ৩৬৩.৯৩০ কিলোমিটার। তার মধ্যে ৫৩৮ কিলোমিটার এলাকায় কোনও কাঁটাতার নেই। অন্য দিকে, উত্তরবঙ্গ ফ্রন্টিয়ারের অধীনে স্থলসীমান্ত রয়েছে ৯৩৬.৭০৩ কিলোমিটার। এর মধ্যে ৩৭৫ কিলোমিটার অংশই কাঁটাতারহীন। গুয়াহাটি ফ্রন্টিয়ার অধীনে থাকা কোচবিহারে ১৭৭ কিমি সীমান্ত রয়েছে। এর মধ্যে প্রায় ১১০ কিলোমিটার স্থল সীমান্ত এবং প্রায় ৬৭ কিলোমিটার জল সীমান্ত। কোচবিহারে প্রায় ৫০ কিলোমিটার সীমান্ত কাঁটাতারহীন জায়গা। অর্থাৎ, প্রায় ৯৬৩ কিলোমিটার অংশই কাঁটাতার বিহীন অবস্থায় পড়ে রয়েছে।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(সপ্তম পর্ব)



তাণ্ডব। শেষে সৃষ্টি বিনাশ হয়ে যাবে এই আশংকায় বিষ্ণু উনার চক্র দিয়ে পার্বতীর দেহকে ৫১টি অংশে বিভক্ত করলেন। পার্বতীর শরীরের এই অংশ যেখানে পড়েছে সেখানেই একটি সতীপীঠ গড়ে উঠেছে। কালীঘাট নামে। সেই পৌরাণিক ইতিহাসের কথা তুলে ধরতে গেলে বলতে হয়, ব্রিটিশ আমলে অনেক ইংরেজ এই মন্দিরে এসে পুজা দিলেও অনেকেই আবার একে নেটিভ ইন্ডিয়ানদের বুজরুকি বলেই মনে করতেন। প্রচলিত এক গল্পে শোনা যায়, একবার এক ইংরেজ রাজ-কর্মচারী কালীঘাটের এক ব্রাহ্মনকে বললেন, তোমাদের দেবী যদি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# বিএসএফ জওয়ানদের উপর হামলা বাংলাদেশের দুষ্কৃতীদের

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মালদার ভারত-বাংলাদেশ সীমান্তে সক্রিয় হচ্ছে প্রতিবেশী দেশের দুষ্কৃতীরা । শুক্রবার রাতে কালিয়াচক 1 নম্বর ব্লকের নওদা আউটপোস্টে কর্মরত 119 নম্বর ব্যাটেলিয়নের বিএসএফ জওয়ানদের উপর আক্রমণ চালায় তারা । পরিস্থিতির মোকাবিলায় বাংলাদেশি দুষ্কৃতীদের লক্ষ্য করে গুলি চালাতে বাধ্য হন জওয়ানরা ।ঘটনাস্থল থেকে পাঁচটি গরু-সহ বেশ কিছু সামগ্রী বাজেয়াপ্ত করা হয় । কালিয়াচক থানার এক আধিকারিক জানিয়েছেন, বিএসএফ-এর তরফে 500টির বেশি কাফ সিরাপের বোতল-সহ আরও কিছু জিনিস থানায় জমা দেওয়া হয়েছে । এই ঘটনায় নির্দিষ্ট ধারায় মামলা রুজু হয়েছে । তবে কাউকে গ্রেফতার করা যায়নি ।

একইভাবে মালদার হরিনাথপুর ও চরি অনন্তপুর সীমান্তেও বাংলাদেশিদের অনুপ্রবেশের ছক ভেস্তে দিল বিএসএফ। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ারের তরফে বিজ্ঞপ্তি প্রকাশ করে সেকথা জানানো হয়েছে । যদিও

এরপর ৫ পাতায়



## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

স্নান, বস্ত্র, ধূপ, পুষ্প ও অর্চনায় আমি যতটুকু সন্তুষ্ট হই তার চেয়ে বেশি সন্তুষ্ট হই শিবরাত্রির উপবাসে। তিনি আরও বলেন, ব্রতপালনকারী ত্রয়োদশীতে স্নান করে সংযম পালন করবে। স্বপক্ব নিরামিষ বা হবিষ্যান্ন ভোজন করবে। স্থণ্ডিল (ভূমি বা বালু বিছানো যজ্ঞবেদী) অথবা কুশ বিছিয়ে শয়ন করে আমার (অর্থাৎ শিবের) নাম স্মরণ করতে থাকবে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# স্বামীজির জন্মদিনে শ্রদ্ধাজ্ঞাপন করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়

**বেবি চক্রবর্তী: কলকাতা**



স্বামীজির জন্মদিনে শ্রদ্ধাজ্ঞাপন করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তিনি সংবাদ মাধ্যমে বলেন,... এরকম লোক কোনও দিন ভারতবর্ষে কেন বিশ্বের কোথাও খুঁজে পাইনি। কোনওদিনও পাব না।

সেই সঙ্গে এক্স হ্যান্ডেলে তিনি লিখেছেন, স্বামীজি একটা সময় বলেছিলেন, ওঠো জাগো লক্ষ্যে না পৌঁছন পর্যন্ত থেমো না।আমি স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধাজ্ঞাপন করছি...তাঁর আদর্শে অনুপ্রাণিত হোক প্রতিটি যুব হৃদয়ে। লিখেছেন অভিষেক।এদিকে সিমলা স্ট্রিটে রবিবার বিবেকানন্দর জন্মদিন উপলক্ষ্যে কার্যত একই সময়ে কর্মসূচিতে শামিল হয়েছিল তৃণমূল ও বিজেপি। এদিকে বিজেপির কর্মসূচিতে শুভেন্দু অধিকারী, সুকান্ত মজুমদাররা ছিলেন। অন্যদিকে তৃণমূলের কর্মসূচিতে ছিলেন শুভেন্দু বলেন, যারা গেরুয়া রং দেখলেই জ্বলে ওঠে তারা স্বামী বিবেকানন্দর পথের পথিক হতে পারেন না। আজকে সনাতনীরা বিপন্ন। কী এপার বাংলায় কী ওপার বাংলায়। তিনি বলেছিলেন গর্ব করে বলো আমি হিন্দু।

শুভেন্দু বলেন, সনাতনের কোনও বিকল্প নেই। পাসপোর্ট কেলেঙ্কারি নিয়ে তিনি বলেন, পাশেই নবান্ন আছে চলে যান। ওখানে জিজ্ঞাসা করুন। সবচেয়ে দুষ্টু লোক বসে আছে। স্যালাইন ইস্যুতে তিনি বলেন, আমি টুইট করার পরে ওরা করেছে। অনেক কিছু হবে। ইডি এই কেস নিক। নড্ডাজীকে বলেছি। ব্ল্যাক লিস্টেড কোম্পানিকে নিয়ে টেন্ডার করেছে। স্বাস্থ্য সচিবকে কাস্টডিতে নিতে হবে। বহরমপুরের মুকুল ঘোষের সঙ্গে সরাসরি কালীঘাটের যোগ আছে। সব জাল ওষুধ টাকার বিনিময়ে... সাধারণ গরীব মানুষকে মেরে ফেলছে। মুখ্যমন্ত্রীর বাড়ির কেউ সরকারি হাসপাতালে যায় না,বেসরকারি হাসপাতালে যায় সিঙ্গাপুরে যায়, আমেরিকায় যায়। এক কোটি টাকা ডিপোজিট রাখতে হয় এমন জায়গায় যায়। আমেরিকার রাষ্ট্রপতির ওখানে চিকিৎসা হয়। আমাদের সাধারণ মানুষকে মারছে। তিনি বলেন, দুর্ভাগ্য একটাই আমাদের হিন্দুরা ৫০০-১০০০ টাকায় বিক্রি হয়। আমি শুধু একটাই বলব হিন্দু জাগো। যে বাড়ি তৈরি করছ সেটা কিন্তু ওরা দখল করবে। বলেন শুভেন্দু।

আর নারী ও শিশু কল্যাণ মন্ত্রী শশী পাঁজা বলেন, আমি স্বামীজির অনুরাগী। অনুরাগী হিসাবে ভক্তরা, দর্শনার্থীরা উপস্থিত হয়েছিলেন। এর বাইরে তো কোনও পরিচয় হতে পারে না।

(৪ পাতার পর)

## বিএসএফ জওয়ানদের উপর হামলা বাংলাদেশের দুষ্কৃতীদের

সীমান্তরক্ষী বাহিনীর ছোড়া গুলিতে কেউ হতাহত হয়েছে কি না, তা এখনও জানা যায়নি ।

বিএসএফ-এর তরফে জানানো হয়েছে, গতকাল রাত 2টো নাগাদ শ্মশানি এলাকার সীমান্তের জওয়ানরা লক্ষ্য করেন, 15-20 জনের বাংলাদেশি দুষ্কৃতী দল কাঁটাতারের বেড়ার দিকে এগিয়ে আসছে । ওই পয়েন্টে কর্মরত বিএসএফ জওয়ান সঙ্গে সঙ্গে সহকর্মীদের সতর্ক করেন । দুই জওয়ান বাংলাদেশি দুষ্কৃতীদের দিকে ধেয়ে যান । সেই সময় দুষ্কৃতীরা চোখে হাইবিম টর্চের আলো ফেলে লাঠি ও ধারালো অস্ত্র নিয়ে ওই দুই জওয়ানের উপর হামলা চালানোর চেষ্টা করে ।

জওয়ানরা শূন্যে 2 রাউন্ড গুলি চালিয়েও দুষ্কৃতীদের নিরস্ত করতে পারেননি । তাঁরা পাচারকারীদের লক্ষ্য করে আরও 2 রাউন্ড গুলি চালান । ততক্ষণে ঘটনাস্থলে চলে এসেছেন অন্য জওয়ানরাও । পরিস্থিতি বেগতিক দেখে অন্ধকারে গা-ঢাকা দেয় দুষ্কৃতীরা । ঘটনাস্থল থেকে 572 বোতল নেশার কাফ সিরাপ, একটি ধারালো দা এবং একটি হাইবিম টর্চ বাজেয়াপ্ত করেন জওয়ানরা ।

বিএসএএফ-এর তরফে আরও জানানো হয়েছে, গতকাল রাতে কালিয়াচক 1 নম্বর ব্লকেরই হরিনাথপুর ও চরি অনন্তপুর সীমান্তে বাংলাদেশি অনুপ্রবেশের চেষ্টা চালানো হয়। একই সময় চোরাকারবারিরা গরু পাচার করার ছক কষেছিল । সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানরা স্টান গ্রেনেড ব্যবহার করে ও গুলি চালিয়ে বাংলাদেশি চোরাকারবারিদের সেখান থেকে তাড়ান ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# তারুণ্যের চিরন্তন অনুপ্রেরণা', 'নরেন্দ্রর' জন্মদিনে শ্রদ্ধাজ্ঞাপন আর এক 'নরেন্দ্রর'

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

স্বামী বিবেকানন্দকে 'হিন্দু প্রতীক' হিসাবে তুলে ধরতে বিজেপি বরাবর সক্রিয়। প্রধানমন্ত্রীর একাধিক ভাষণে দেশের যুবদের চাঙ্গা করতে বিবেকানন্দের প্রসঙ্গ উঠে এসেছে। আজ সেই মনীষীরই জন্মদিন।এর আগে সময়ে, অসময়ে বিজেপির একাংশ মোদীরূপেই বিবেকানন্দ ফের ধরাধামে অবতীর্ণ হয়েছেন বলে বুক ঠুকে ঘোষণা করেছিল। কেউ আবার স্মরণ করিয়ে দিয়েছিল, নরেন্দ্রর সঙ্গে নরেন্দ্রর নামের মিলও রয়েছে বলে। তা নিয়ে প্রত্যেক বছরই নিয়ম করে রাজনৈতিক তরজা অব্যাহত থাকে। স্বামী বিবেকানন্দের জন্মতিথিতে শ্রদ্ধা জানিয়ে নিজের সোশ্যাল মিডিয়ায় পোস্ট করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।মোদী লেখেন, দেশের তরুণ প্রজন্মের জন্যে অনুপ্রেরণার উৎস স্বামী বিবেকানন্দ। তাঁর দেখা 'শক্তিশালী এবং উন্নত ভারতের' স্বপ্ন পূরণে তাঁর সরকার প্রতিশ্রুতিবদ্ধ।



মোদী লেখেন, 'স্বামী বিবেকানন্দকে তাঁর জয়ন্তীতে শ্রদ্ধা জানাই। তারুণ্যের জন্য তিনি চিরন্তন অনুপ্রেরণা। তিনি তরুণদের মনে আবেগ এবং উদ্দেশ্য জাগিয়ে চলেছেন। তাঁর দেখা একটি শক্তিশালী এবং উন্নত ভারতের স্বপ্ন পূরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ আমরা।'

মানব সমাজের জন্য যে বাণী স্বামী বিবেকানন্দ দিয়ে গিয়েছিলেন তার আবেদন চিরকালীন। যদিও ভারতীয় জনতা পার্টির বরাবরের অভিযোগ, বিবেকানন্দের বিভিন্ন উদ্ধৃতির পছন্দমতো অংশ প্রচার করে, বাকি অংশ বাদ দিয়ে তাঁকে 'নাস্তিক' প্রমাণ করার চেষ্টা করে বামফ্রন্ট, তৃণমূল এবং কংগ্রেস।

# বাংলাদেশে ফের সেনার বিশেষ ক্ষমতা বাড়ল ৬০ দিন, মিলল গুলি চালানোর অধিকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**ঢাকা:** গদি আঁকড়ে রাখতে বাংলাদেশের সশস্ত্র বাহিনীকে দেওয়া বিশেষ ক্ষমতা ফের একবার বাড়াল মোল্লা মুহাম্মদ ইউনূসের সরকার। আজ রবিবার (১২ জানুয়ারি) জনপ্রশাসন মন্ত্রকের তরফ থেকে এক বিজ্ঞপ্তি প্রকাশ করে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা ৬০ দিনের জন্য বাড়ানোর কথা জানানো হয়েছে।যদিও গত পাঁচ মাসের বেশি সময় ধরে বাংলাদেশের সেনা সদস্যরা রাস্তায় থাকলেও আইনশৃঙ্খলার বিশেষ কোনও উন্নতি হয়নি। বরং দিনের পর দিন অবনতিই ঘটছে। অধিকাংশ ক্ষেত্রেই সেনা সদস্যদের পুলিশের মতোই তোলাবাজি, গুন্ডামি করতে দেখা যাচ্ছে। ফলে প্রশ্ন উঠেছে, সেনা সদস্যদের রাস্তায় রেখে কী লাভ? রাজনৈতিক পর্যবেক্ষকরা মনে করছেন, শেখ হাসিনার মতোই গদি থেকে উচ্ছেদ করার ভয় দেখিয়ে মোল্লা মুহাম্মদ ইউনূসকে ব্ল্যাকমেল করছেন জামায়াত ইসলামীর কট্টর সমর্থক হিসাবে পরিচিত সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান।অর্থাৎ আরও ৬০ দিন রাজপথে থাকার বিশেষ অধিকার পেল সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যরা। আইনশৃঙ্খলা রক্ষার দোহাই পেড়েই বিশেষ ক্ষমতার মেয়াদ আরও দুই মাস বাড়ানো হয়েছে। বিশেষ ক্ষমতা বলে সাধারণ মানুষকে গ্রেফতারের পাশাপাশি যে কোনও আন্দোলন মোকাবিলায় গুলিও চালানোর অধিকার পেল তিন বাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা।গত জুলাই মাসে কোটা সংস্কার আন্দোলন হিংসাশ্রয়ী হয়ে উঠলে আইনশৃঙ্খলা রক্ষায় দেশ জুড়ে সেনা মোতায়েনের নির্দেশ দিয়েছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ১৯ জুলাই সারা দেশে সেনা মোতায়েন করেছিলেন। মূলত পুলিশকে সাহায্যের জন্য সেনা সদস্যদের রাজপথে নামানো হয়েছিল। কিন্তু তাতে উল্টো ফল হয়। রাজপথে নেমে আন্দোলনকারী ও জঙ্গিদের ধ্বংসাত্মক কার্যকলাপে সরাসরি মদত দিতে থাকেন জামায়াত ইসলামী মনোভাবাপন্ন সেনা আধিকারিক ও জওয়ানরা। ৫ অগস্ট শেখ হাসিনার পতনের পরে বিজয় সরণিতে বঙ্গবন্ধু শেখ মুজিবের ভাস্কর্য ভাঙার কাজেও হাত লাগান সেনা সদস্যরা। এক লেফটেন্যান্ট কর্নেলের উদ্যোগে পুড়িয়ে দেওয়া হয় মুক্তিযুদ্ধের সুতিকাগার হিসাবে পরিচিত ৩২ নম্বর ধানমন্ডিতে অবস্থিত বঙ্গবন্ধুর বাড়ি।গত ৮ অগস্ট মোল্লা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠনের পরে সেনাবাহিনী ফের তাঁবুতে ফিরে যাবে বলে মনে করা হচ্ছিল। কিন্তু তাঁবুতে সেনা সদস্যদের ফেরাতে রাজি হননি সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান। উল্টে ইউনূসকে চাপ দিয়ে গত ১৭ সেপ্টেম্বর সেনাবাহিনীর জন্য বিশেষ ক্ষমতা আদায় করে নেন। গত ৩০ সেপ্টেম্বর নৌ ও বিমানবাহিনীর আধিকারিকদেরও বিশেষ ক্ষমতা দেওয়া হয়। এর পর গত ১৬ নভেম্বর ফের দুই মাসের জন্য সেনাকে দেওয়া বিশেষ ক্ষমতার মেয়াদ বাড়ানো হয়। আগামী মঙ্গলবার ১৪ জানুয়ারি ওই মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তার ৪৮ ঘন্টা আগেই সশস্ত্র বাহিনীকে দেওয়া বিশেষ ক্ষমতার মেয়াদ আরও দুই মাসের জন্য বাড়ানো হল। বিশেষ ক্ষমতার বলে সেনাবাহিনীর জুনিয়র আধিকারিকরা বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের অধিকার পেলেন। ফৌজদারি কার্যবিধির ধারা ৬৪, ৬৫, ৮৩, ৮৪, ৮৬, ৯৫ (২), ১০০, ১০৫, ১০৭, ১০৯, ১১০, ১২৬, ১২৭, ১২৮, ১৩০, ১৩৩ ও ১৪২ ধারার অধীন অপরাধগুলোকে বিশেষ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন সেনাবাহিনীর বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা পাওয়া আধিকারিকরা। অর্থাৎ এখন থেকে সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত জুনিয়র আধিকারিকরা যে কাউকে গ্রেফতার করতে পারবেন। ওই গ্রেফতারির জন্য কারও অনুমতি নেওয়ার প্রয়োজন হবে না। সেনাবাহিনীকে বার বার বিশেষ ক্ষমতা প্রদানের পিছনে অশনিসঙ্কেত দেখছে বিএনপি-সহ দেশের প্রধান রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব। তাঁরা ১/১১-র গন্ধ পাচ্ছেন।

# সিনেমার খবর

## অক্ষয়ের ক্যারিয়ারে যে অবদান রয়েছে ইরফানের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


বলিউড অভিনেতা অক্ষয় কুমারের ক্যারিয়ারের অন্যতম গুরুত্বপূর্ণ ছবি 'এয়ারলিফ্ট'। ২০১৬ সালে মুক্তি পায় রাজা কৃষ্ণ মেনন পরিচালিত ছবিটি। এই ছবিতে মুখ্য চরিত্রে অভিনয় করেন অক্ষয়। তবে ছবির প্রযোজক নিখিল আডবাণী সম্প্রতি জানিয়েছেন, ছবিটি প্রথমে তিনি ইরফানকে নিয়ে করতে চেয়েছিলেন। তবে প্রয়াত অভিনেতার উত্তর আজও মনে রেখেন নিখিল।

তিনি বলেন, 'আমি ইরফানের সঙ্গে কথা বলার পর তিনি আমাকে বলেছিলেন, 'এটা সময়ের থেকে এগিয়ে থাকা একটা ছবি। আমার সঙ্গে করে লাভ নেই। অক্ষয়কে নিয়ে ছবিটা করলে তুমি আরও বেশি বাজেট পাবে'।'

অন্য দিকে অক্ষয় ছবির চিত্রনাট্য পড়েই রাজি হয়ে যান। পরিচালকের সঙ্গে সময় থাকতে তিনি একাধিক ওয়ার্কশপেও অংশ নেন। নিখিল বলেন, 'আমি অক্ষয়কে জানাই, ইরফান ছবিটা করতে চায়নি।' এরপর তিনি বলেন, অক্ষয় জানতে চান যে, নিখিল তার কাছে কেন এসেছেন। নিখিল বলেন, 'সিরিয়াস ছবি এবং ওয়ার্কশপের কথা বলতেই অক্ষয় রাজি হয়ে যায়।'

## জেন-জি'দের স্মার্টনেস মুগ্ধ করে মাধুরীকে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



মাধুরী দীক্ষিত।

বলিউডের চিরসবুজ অভিনেত্রী মাধুরী দীক্ষিত আজও কোটি সিনেমাপ্রেমীর হৃদয়ে রাজত্ব করেন। তার অভিনয় ও নাচের জাদু দর্শকদের বারবার মুগ্ধ করেছে। সম্প্রতি মাধুরী নিজের দীর্ঘ ক্যারিয়ার, বলিউডের পরিবর্তনশীল ধারা এবং নতুন প্রজন্মের প্রতি তার দৃষ্টিভঙ্গি নিয়ে খোলামেলা কথা বলেছেন।

'ভুল ভুলাইয়া ৩', 'মজা মা' এবং 'দ্য ফেম গেম'-এর মতো প্রজেক্টে নতুন প্রজন্মের অভিনেতাদের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা নিয়ে মাধুরী বলেন, তাদের কাজের প্রতি নিষ্ঠা এবং সময় ব্যবস্থাপনা সত্যিই প্রশংসনীয়। তাদের কাছ থেকে অনেক কিছু শেখার আছে।"

জেন-জি প্রজন্ম প্রসঙ্গে মাধুরী জানান, তারা তাকে দারুণভাবে প্রভাবিত করেন। মাধুরীর ভাষায়, জেন-জি'রা খুব স্মার্ট। তারা জীবনের অভিজ্ঞতাগুলো শেয়ার করতে জানেন। এমনকি আমার ছেলেরাও অনেক কিছু জানে, যা আমাকে শেখায়।

নারীকেন্দ্রিক গল্পের গুরুত্ব এবং বলিউডে নারীদের ভূমিকা নিয়েও মাধুরী খুশি। তার মতে, নারীরা এখন শুধু সৌন্দর্যের প্রতীক নয়; তাঁদের শক্তিশালী চরিত্রগুলো বলিউডে জায়গা করে নিচ্ছে। তবে ইন্ডাস্ট্রিতে আরও পরিবর্তনের প্রয়োজন রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

## কোন ভয়ে বারান্দায় মোটা কাচ টানলেন সালমান খান?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



গত কয়েক মাস ধরে লাগাতর হুমকি পাচ্ছেন বলিউড অভিনেতা সালমান খান। ফলে তার নিরাপত্তা সময়ের সঙ্গে আরও বেড়েছে। এবার নতুন বছরের শুরুতে অভিনেতার বাড়িতেও বাড়তি নিরাপত্তার ঘেরাটোপ তৈরি করা হল। বান্দ্রায় সালমানের গ্যালাক্সি অ্যাপার্টমেন্টের বারান্দায় বসানো হয়েছে বুলেটপ্রুফ কাচ।

গত কয়েক দিন ধরেই শোনা যাচ্ছিল, মুম্বাইয়ের পুলিশ সালমানের বাড়ির চারপাশের নিরাপত্তা আরও বাড়াচ্ছে। শোনা গিয়েছিল, নিরাপত্তার খাতিরে বাড়ির মেরামতির কাজও শুরু হয়েছে। বাড়ির বেশ কিছু অংশে বদল করা হচ্ছে। আজ মঙ্গলবার সালমানের বাড়ির বারান্দায় বসানো হয়েছে বুলেটপ্রুফ কাচ। সেই ছবি এবং ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হতে খুব বেশি সময় লাগনি।

আগে এই বারান্দাটি পর্দা দিয়ে ঘেরা থাকত। জন্মদিন বা ইদের শুভেচ্ছা জানাতে এই বারান্দা থেকে অনুরাগীদের উদ্দেশে হাত নাড়তেন সালমান। কিন্তু এবার বারান্দার এক প্রান্ত থেকে অন্য প্রান্ত ঢেকে দেওয়া হল বিশেষ কাচে।

এক সূত্রের দাবি, যেভাবে বার বার অভিনেতার কাছে লরেন্স বিষ্ণোই ও তার দলবলের তরফে হুমকি এসেছে, তা দেখে আর কেউ ঝুঁকি নিতে চাইছেন না। তার উপর সম্প্রতি মুম্বাইয়ে এনসিপি নেতা বাবা সিদ্দিকি খুনের ঘটনাও ভাবাচ্ছে মুম্বাই পুলিশকে। গত বছরেই অভিনেতা একটি বুলেটপ্রুফ গাড়ি কিনেছেন। অভিনেতার সঙ্গে এখন প্রায় সর্বক্ষণ ৪০ জন নিরাপত্তাকর্মী থাকেন।

কিছু দিন আগেই মুক্তি পেয়েছে সালমানের আসন্ন ছবি 'সিকান্দার'-এর ঝলক। সেই ভিডিও দেখে নেটিজেনদের অনুমান, বিশেষ বার্তা শত্রুদের উদ্দেশেই দিয়েছেন সালমান। "শুনছি আমার পিছনে অনেকে ধাওয়া করে বেরাচ্ছে। আমার শুধু পিছন ফেরার অপেক্ষা..." ঝলকে সালমানের এই সংলাপ নাকি লরেন্স বিষ্ণোইর জন্যই। কৃষ্ণসার হত্যার অভিযোগ রয়েছে সালমানের বিরুদ্ধে। এই ঘটনার জন্যই সালমান লরেন্স বিষ্ণোইর নিশানায়। তাই ঝলকে আরও একটি বিষয় নজর কেড়েছে নেটিজেনদের মুখোশধারী এক শত্রুর মাথায় হরিণের মতো শিং। এই বিষয়টিও প্রতীকী বলে মনে করছেন অনেকে।

# আল নাসরের সঙ্গে চুক্তির মেয়াদ শেষ, নতুন কোন গন্তব্যে রোনালদো?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

তিন বছর সৌদি ক্লাব আল নাসরের হয়ে খেলেছেন পর্তুগিজ ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনালদো। এই তিন বছরে নাসরের হয়ে ৮৩ ম্যাচ খেলে করেছেন ৭৪ গোল। করিয়েছেন আরও ১৮টি। এবার কি তাহলে সৌদি পর্বের সমাপ্তি ঘটছে রোনালদোর? আর কি সৌদি আরবের ক্লাব আল নাসরের হয়ে খেলবেন না তিনি?

মূলতঃ ২০২৫ সালেই শেষ হয়ে যাবে রোনালদোর সঙ্গে আল নাসরের চুক্তির মেয়াদ। চুক্তি বাড়ানোর বিষয়ে সৌদি ক্লাবটির পক্ষ থেকে কোনো অগ্রগতি দেখা যাচ্ছে না। সুতরাং, ধরেই নেয়া যায় চলতি মৌসুমই সৌদিতে আছেন তিনি। এরপর কী করবেন, সে কথা জানালেন এই পর্তুগিজ ফুটবলার।

চুক্তির মেয়াদ শেষ হতে চললেও রোনালদো নিজে আল নাসরকে ছাড়তে চাচ্ছেন না। তিনি চান, চুক্তির মেয়াদ বাড়াতে। এর বড় কারণ, তার পরিবার। স্ত্রী জর্জিনা ও সন্তানদের সৌদি আরবে থাকতে ভাল লাগছে। এ কারণে মরুর দেশটি ছাড়তে চান না সিআর সেভেন।

রোনালদো বলেন, 'আমি এখানে খুব খুশি। আমার পরিবারও খুশি। এই সুন্দর দেশে আমরা নতুন করে জীবন শুরু করেছি। তাই এখানেই থাকতে চাই। আমি আল নাসরের হয়েই খেলতে চাই। আশা করছি ক্লাব আমার চুক্তি বাড়াবে।'

রোনালদোর আশা, গত তিন বছর তিনি যেভাবে খেলেছেন তাতে সৌদি ক্লাবটি তার চুক্তি বাড়াতে আগ্রহী হবে। সে কারণেই হয়তো নিজের ভবিষ্যৎ ঠিক করে ফেলেছেন পর্তুগালের ফুটবলার।

ইংল্যান্ড, স্পেন, ইতালির মতো দেশে খেলার পর সৌদিতে যান রোনালদো। সেখানে ভাল খেললেও আগের মতো সাফল্য নেই। আল নাসরকে এখনও পর্যন্ত একটি শিরোপাও উপহার দিতে পারেননি।

যদিও লড়াই ছাড়তে চান না তিনি। রোনালদো বলেন, 'আল হিলাল, আল ইত্তিহাদের মতো দলের বিরুদ্ধে খেলা কঠিন; কিন্তু আমরা লড়াই করছি। হাল ছাড়ছি না। কয়েকটা ফাইনালে হারতে হয়েছে। ভবিষ্যতে জিতব। আমি পেশাদার ফুটবলার। তাই ক্লাবকে সম্মান করি। ক্লাবের হয়ে নিজের সেরাটা দিই। ভবিষ্যতেও দেব। আল নাসেরকে আরও ট্রফি জেতাব।'

রোনালদোর কথা থেকে স্পষ্ট, সৌদিতেই ক্যারিয়ার শেষ করতে চান তিনি। যদিও তার এক সময়ের সতীর্থ ওয়েস ব্রাউন মনে করেন, রোনালদোর উচিত আমেরিকার ক্লাবে খেলা। তা হলে আবার লিওনেল মেসির সঙ্গে তার দ্বৈরথ ফুটবলবিশ্ব দেখতে পাবে।

ব্রাউন বলেন, 'ক্রিশ্চিয়ানোর উচিত আমেরিকায় যাওয়া। ওখানে মেসি খেলে। ক্রিশ্চিয়ানো এই বয়সেও ভাল খেলছে। ও আমেরিকায় গেলে মেসির সঙ্গে ওর লড়াই আবার দেখা যাবে। আশা করছি এই বিষয়টা ও ভাববে।'

# দুই স্তরের টেস্ট ক্রিকেটের কথা শুনে বিরক্ত লয়েড

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

২০২৭ সাল থেকে টেস্ট ক্রিকেটকে দুই স্তরে ভাগ করতে চায় খেলাটির 'বিগ থ্রি' বা তিন মোড়ল। যে প্রস্তাব বাস্তবায়িত হলে শীর্ষ স্তরে খেলবে অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, ভারত, পাকিস্তান, নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা—এই সাত দল। বাংলাদেশ, ওয়েস্ট ইন্ডিজ, জিম্বাবুয়ে, আফগানিস্তান ও আয়ারল্যান্ডকে তখন খেলতে হবে দ্বিতীয় স্তরে। দুই স্তরের কাঠামো নিয়ে এ মাসেই আইসিসির সঙ্গে আলোচনায় বসার কথা বিগ থ্রি অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও ভারতীয় ক্রিকেট বোর্ডের।

রবি শাস্ত্রী, মাইকেল ভনরা টেস্ট ক্রিকেট আরও আকর্ষণীয় করতে দুই স্তরের কাঠামো করার চিন্তায় মত দিয়েছেন। তবে ওয়েস্ট ইন্ডিজের কিংবদন্তি ক্রিকেটার ক্লাইভ লয়েড এই ধারণায় "বিরক্ত"। তিনি মনে করেন এমন পরিবর্তন আনা উচিত যেখানে যে ধুঁকতে থাকা দলগুলি শীর্ষ দলগুলির বিরুদ্ধে আরও বেশি খেলবে।

এই কিংবদন্তি খেলোয়াড় অনলাইন মিডিয়া ইন্টারেকশনে বলেন, 'আমি মনে করি এটি সেই সমস্ত দেশের জন্য ভয়াবহ হবে যারা টেস্ট স্ট্যাটাস পেতে এত কষ্ট করেছে।'



'এখন তারা নিজেদের মধ্যে নিম্ন বিভাগে খেলবে। তারা কীভাবে শীর্ষে উঠবে? যখন আপনি ভালো দলের বিরুদ্ধে খেলবেন না।'

বর্তমানে টেস্ট খেলুড়ে দেশের সংখ্যা ১২টি। তবে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে অংশ নেয় ৯ দল। বাকি তিন দল জিম্বাবুয়ে, আয়ারল্যান্ড ও আফগানিস্তান খুব কমই টেস্ট খেলার সুযোগ পায়। দুই স্তরের কাঠামো হলে নিচের তিন দলের খেলার সুযোগ বাড়লেও নিচের স্তরে নামতে পারে ওয়েস্ট ইন্ডিজসহ একাধিক বড় দল।

সাবেক ইংল্যান্ড অধিনায়ক ভন প্রস্তাব দিয়েছেন ৬টি দল করে হোক একটি স্তর। থাকুক রেলিগেশন ও প্রমোশন। এতে করে সবার মধ্যে আসবে তাগিদ। বর্তমান বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের টেবিলে ওয়েস্ট ইন্ডিজ আছেন ৯ নম্বরে। রেলিগেশন নিয়ম থাকলে তাদের নিচের স্তরে নেমে যেতে হতো।

# ইতালিয়ান সুপার কাপ জিতল এসি মিলান




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

দুই গোলে এগিয়ে থেকেও শেষ পর্যন্ত ৩-২ ব্যবধানে হারল ইন্টার মিলান। গতকাল রাতে সৌদি আরবের রিয়াদে আল-আউওয়াল পার্কে রোমাঞ্চকর ম্যাচে ইন্টারকে হারিয়ে ইতালিয়ান সুপার কাপের শিরোপা জিতল এসি মিলান।

প্রথমার্ধের যোগ করা সময়ে লাউতারো মার্তিনেজের গোলে এগিয়ে যায় ইন্টার। দ্বিতীয়ার্ধের শুরুতেই ব্যবধান দ্বিগুণ করেন মেহেদি তারেমি। তারপরই ঘুরে দাঁড়ায় মিলান। থিও হার্নান্দেজের ব্যবধান কমানোর পর সমতায় ফেরান ক্রিস্টিয়ান পুলিসিস। যোগ করা সময়ে ব্যবধান গড়ে দেন টামি আব্রাহাম।

এসি মিলান প্রথম সুযোগটি পায় নবম মিনিটে। তবে টিয়ানি রেইন্ডার্সের শট লক্ষ্যে থাকেনি। প্রথমার্ধের যোগ করা সময়ে ইন্টার মিলানকে এগিয়ে নেন মার্তিনেস। থ্রো ইন থেকে আসা বল টেনে নিয়ে দুইজনকে কাটিয়ে জাল খুঁজে নেন আর্জেন্টাইন স্ট্রাইকার। বিরতির পর ব্যবধান দ্বিগুণ করেন তারেমি। ডে ভ্রেইয়ের বাড়ানো বল টেনে নিয়ে লক্ষ্যভেদ করেন তিনি।

৫২তম মিনিটে এসি মিলানের ব্যবধান কমান হের্নান্দেস। বক্সের বাইরে থেকে দারুণ ফ্রি-কিকে জাল খুঁজে নেন ফরাসি ডিফেন্ডার। ৮০তম মিনিটে দলকে সমতায় ফেরান পুলিসিক। হের্নান্দেসের বাঁ দিক থেকে বাড়ানো বল বক্স থেকে লক্ষ্যভেদ করেন যুক্তরাষ্ট্রের এই ফরোয়ার্ড। যোগ করা সময়ে জয়সূচক গোলটি করেন আব্রাহাম। রাফায়েল লেয়াওয়ের পাস থেকে জাল খুঁজে নেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR